# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬০২]

৯. নামাযের সময় (كتاب مواقيت الصلاة)

পরিচ্ছেদঃ পরিবার-পরিজন ও মেহমানের সাথে রাতে কথাবার্তা বলা

## باب السَّمَرِ مَعَ الضَّيْفِ وَالأَهْلِ

আরবী

□□□- عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ رَضِيَ الله عَنْهُمَا: أَنَّ أَصْحَابَ الصُّفَّةِ كَانُوا أُنَاسًا فُقَرَاءَ، وَأَنَّ النَّبِيَّ قَالَ مَنْ كَانَ عِنْدَهُ طَعَامُ اثْنَيْنِ فَلْيَذْهَبْ بِثَالِث، ومن كان عنده أربعة فَلْيَذْهَبْ بِخَامِسٍ أَوْ سَادِسٍ وَأَنَّ أَبَا بَكْرٍ جَاءَ بِثَلاثَةٍ، فَانْطَلَقَ النَّبِيُّ بِعَشَرَةٍ، قَالَ: فَهُوَ أَنَا وَأَبِي وَأُمِّي، ـ فَلا أَدْرِي قَالَ: وَامْرَأَتِي وَخَادِمٌ بَيْنَنَا وَبَيْنَ بَيْتِ أَبِي بَكْرٍ، وَإِنَّ أَبَا بَكْرٍ تَعَشَّى عِنْدَ النَّبِيِّ ، ثمَّ لَبِث حَيْث صُلِّيَتِ الْعِشَاءُ، ثمَّ رجَعَ، فَلَبِث حَتَّى تَعَشَّى النَّبِيُّ ، فَجَاءَ بَعْدَ مَا مَضَى مِنَ اللَّيْلِ مَا شَاءَ اللَّهُ، قَالَتْ لَهُ امْرَأَتُهُ: وَمَا حَبَسَكَ عَنْ أَضْيَافِكَ؟ أَوْ قَالَتْ: ضَيْفِكَ، قَالَ: أَوَمَا عَشَّيْتِيهِمْ؟ قَالَتْ: أَبَوْا حَتَّى تَجِيءَ، قَدْ عُرِضُوا فَأَبَوْا، قَالَ: فَذَهَبْتُ أَنَا فَاخْتَبَأْتُ، فَقَالَ: يَا غُنْثَرُ، فَجَدَّعَ وَسَبَّ، وَقَالَ: كُلُوا لا هَنِيئًا، فَقَالَ: وَاللَّهِ لا أَطْعَمُهُ أَبَدًا، وَايْمُ اللَّهِ، مَا كُنَّا نَأْخُذُ مِنْ لُقْمَةٍ إِلا رَبَا مِنْ أَسْفَلِهَا أَكْثَرُ مِنْهَا، قَالَ: يَعْنِي حَتَّى شَبِعُوا، وَصَارَتْ أَكْثَرَ مِمَّا كَانَتْ قَبْلَ ذَلِكَ، فَنَظَرَ إِلَيْهَا أَبُو بَكْرٍ، فَإِذَا هِيَ كَمَا هِيَ أَوْ أَكْثَرُ مِنْهَا، فَقَالَ لامْرَأَتِهِ: يَا أُخْتَ بَنِي فِرَاسٍ، مَا هَذَا؟ قَالَتْ: لا وَقُرَّةِ عَيْنِي، لَهِيَ الآنَ أَكْثَرُ مِنْهَا قَبْلَ ذَلِكَ بِثَلاث مَرَّاتٍ، فَأَكَلَ مِنْهَا أَبُو بَكْرٍ وَقَالَ: إِنَّمَا كَانَ ذَلِكَ مِنَ الشَّيْطَانِ، يَعْنِي يَمِينَهُ، ثمَّ أَكَلَ مِنْهَا لُقْمَةً، ثمَّ حَمَلَهَا إِلَى النَّبِيِّ فَأَصْبَحَتْ عِنْدَهُ، وَكَانَ بَيْنَنَا وَبَيْنَ قَوْمٍ عَقْدٌ، فَمَضَى الأَجَلُ، فَفَرَّقَنَا اثنَي عَشَرَ رَجُلا، مَعَ كُلِّ رَجُلٍ مِنْهُمْ أُنَاسٌ، اللَّهُ أَعْلَمُ كَمْ مَعَ كُلِّ رَجُلٍ، فَأَكَلُوا مِنْهَا أَجْمَعُونَ. (بخارى:□□□

বাংলা

৩৬৪) আব্দুর রাহমান বিন আবু বকর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আসহাবে সুফ্ফাগণ ছিলেন দরিদ্র মানুষ।

একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের ব্যাপারে বললেনঃ যার কাছে দু’জনের খাদ্য আছে সে যেন (আসহাবে সুফ্ফা থেকে) তৃতীয় একজন সাথে নিয়ে যায়। এমনি যার কাছে চার জনের খাদ্য আছে সে যেন (আসহাবে সুফ্ফা থেকে) একজন বা দু’জনকে সাথে নিয়ে পঞ্চম বা ষষ্ট ব্যক্তি হিসাবে অন্তর্ভূক্ত করে নেয়। আবু বকর (রাঃ) তিনজনকে সাথে নিয়ে গেলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিয়ে গেলেন দশজনকে। আব্দুর রাহমান বলেনঃ সে সময় আমাদের পরিবারে আমি, আমার পিতা এবং আমার মাতা ছিলাম। বর্ণনাকারী বলেনঃ আমি জানি না, আব্দুর রাহমান এ কথাও বলেছেন কি না যে, আমার স্ত্রী ও খাদেম ছিল। যে খাদেমটি আমার ও আবু বকরের বাড়ীতে কাজ করত। (যাই হোক) আবু বকর (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রাতের খাবার গ্রহণ করে সেখানেই কিছুক্ষণ দেরী করলেন। ইতিমধ্যেই ইশার নামায পড়া হয়ে গেল। নামায শেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঘরে গিয়ে তাঁর রাতের খানা গ্রহণ করা পর্যন্ত সেখানেই অবস্থান করলেন। পরিশেষে আল্লাহর ইচ্ছায় রাতের কিছু অংশ অতিবাহিত হওয়ার পর আবু বকর (রাঃ) বাড়ীতে ফিরলেন।

তখন তাঁর স্ত্রী বললেনঃ আপনার মেহমানদের অথবা বলেছেনঃ মেহমান থেকে কিসে আপনাকে আটকিয়ে রেখেছিল? অর্থাৎ বাড়ীতে মেহমান পাঠিয়ে দিয়ে এত দেরী করলেন কেন? তিনি তাঁর স্ত্রীকে বললেনঃ তুমি কি তাদেরকে রাতের খাবার দাওনি? তাঁর স্ত্রী বললেনঃ তুমি না আসা পর্যন্ত তাঁরা খানা গ্রহণ করতে অস্বীকার করেছে। তাদের সামনে খানা পেশও করা হয়েছিল। তথাপিও তাঁরা অস্বীকৃতি জানিয়েছে। আব্দুর রাহমান বলেনঃ আমি তখন ভয়ে পালিয়ে গিয়ে কোথাও আত্মগোপন করেছিলাম। আবু বকর রাগান্বিত হয়ে বললেনঃ হে গুনছার (আহম্মক, বোকা, মূর্খ ইত্যাদি অর্থে)! তোমার নাক কাটা যাক এ ধরণের বাক্য দ্বারা আরো গালি গালাজ করলেন। অতঃপর মেহমানদেরকে বললেনঃ তোমরা খাদ্য গ্রহণ কর। তোমরা যেন পরিতৃপ্ত না হও (আল্লাহ যেন তোমাদেরকে পরিতৃপ্ত না করেন)! আবু বকর শপথ করে বললেনঃ আল্লাহর কসম! আমি কখনও খাবনা। আব্দুর রাহমান বিন আবু বকর (রাঃ) বলেনঃ আল্লাহর শপথ! আমরা যখনই কোন লোকমা উঠাতাম নীচের দিক থেকে তার চেয়ে বেশী বৃদ্ধি হতে লাগল। তিনি বলেনঃ মেহমানদের সকলেই তৃপ্তি সহকারে খাদ্য গ্রহণ করার পরও প্রথমে যে খাদ্য ছিল তার চেয়ে অতিরিক্ত খাদ্য রয়ে গেল। আবু বকর (রাঃ) অবশিষ্ট খাদ্যের দিকে তাকিয়ে দেখলেন, খাদ্য সেভাবেই অথবা আগের চেয়ে বেশী রয়ে গেছে। তাই তিনি তাঁর স্ত্রীকে বললেনঃ হে বনী ফেরাসের বোন! ব্যাপার কি? (মেহমানদের খাবার পরও দেখছি খানা পূর্বের চেয়ে বেশী রয়ে গেছে)। আবু বকর (রাঃ)এর স্ত্রী বললেনঃ আমার চক্ষু শীতলকারীর শপথ! এ খাদ্য নিঃসন্দেহে পূর্বের চেয়ে তিনগুণ অধিক। তা থেকে আবু বকর (রাঃ) খেলেন এবং বললেনঃ আমার শপথ ছিল শয়তানের পক্ষ হতে। এ কথা বলে তিনি আরো এক লোকমা খেলেন। অতঃপর অবশিষ্ট খাদ্য বহন করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে গেলেন। সেগুলো সকাল পর্যন্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছেই ছিল। আব্দুর রাহমান বলেনঃ আমাদের এবং অন্য একটি গোত্রের মাঝে চুক্তি ছিল। চুক্তির মেয়াদ শেষ হয়ে গিয়েছিল। আমরা বারোজন লোককে আলাদা আলাদা করে দিলাম। তাদের প্রত্যেকের সাথে আরো অনেক লোক ছিল। আল্লাহই ভাল জানেন তাদের প্রত্যেকের সাথে কতজন করে লোক ছিল। (যাই হোক) তা থেকে তারা সকলেই খেলেন।

## English

To talk with the family and the guests after the 'sha prayer.

Narrated Abu `Uthman:

`Abdur Rahman bin Abi Bakr said, "The Suffa Companions were poor people and the Prophet (ﷺ) said, 'Whoever has food for two persons should take a third one from them (Suffa companions). And whosoever has food for four persons he should take one or two from them' Abu Bakr took three men and the Prophet (ﷺ) took ten of them." `Abdur Rahman added, my father my mother and I were there (in the house). (The sub-narrator is in doubt whether `Abdur Rahman also said, 'My wife and our servant who was common for both my house and Abu Bakr's house). Abu Bakr took his supper with the Prophet (ﷺ) and remained there till the `Isha' prayer was offered. Abu Bakr went back and stayed with the Prophet (ﷺ) till the Prophet (ﷺ) took his meal and then Abu Bakr returned to his house after a long portion of the night had passed.

Abu Bakr's wife said, 'What detained you from your guests (or guest)?' He said, 'Have you not served them yet?' She said, 'They refused to eat until you come. The food was served for them but they refused." `Abdur Rahman added, "I went away and hid myself (being afraid of Abu Bakr) and in the meantime he (Abu Bakr) called me, 'O Ghunthar (a harsh word)!' and also called me bad names and abused me and then said (to his family), 'Eat. No welcome for you.' Then (the supper was served). Abu Bakr took an oath that he would not eat that food. The narrator added: By Allah, whenever any one of us (myself and the guests of Suffa companions) took anything from the food, it increased from underneath. We all ate to our fill and the food was more than it was before its serving. Abu Bakr looked at it (the food) and found it as it was before serving or even more than that. He addressed his wife (saying) 'O the sister of Bani Firas! What is this?' She said, 'O the pleasure of my eyes! The food is now three times more than it was before.' Abu Bakr ate from it, and said, 'That (oath) was from Satan' meaning his oath (not to eat). Then he again took a morsel (mouthful) from it and then took the rest of it to the Prophet. So that meal was with the Prophet. There was a treaty between us and some people, and when the period of that treaty had elapsed the Prophet (ﷺ) divided us into twelve (groups) (the Prophet's companions) each being headed by a man. Allah knows how many men were under the command of each (leader). So all of them (12 groups of men) ate of that meal."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ বাকর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন